গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩২.০৪৪.২১-১৮৮২/১ তারিখ:- ১৬ আষাঢ় ১৪৩০ ব. / ৩০ জুন ২০২৩খ্রি.

বিষয়: তথ্য অধিকার, ২০০৯ এর ৫ ধারা অনুসারে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের বিভিন্ন শাখা/অধিশাখার নথিসমূহের ক্যাটাগরি ও ক্যাটালগ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৫ ধারা অনুসারে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শাখা/অধিশাখার নথিসমূহের ক্যাটাগরি ও ক্যাটালগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ পাতা।

৩০।০৬।২০২৩
কামরুন নাহার
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৬৮
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপসচিব, তথ্য অধিকার অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩২.০৪৪.২১-১৮৮২/১ তারিখ:- ১৬ আষাঢ় ১৪৩০ ব. / ৩০ জুন ২০২৩খ্রি.

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার ঢাকা।
০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের বিভিন্ন শাখা/অধিশাখা নথিসমূহের ক্যাটাগরি ও ক্যাটালগ:

| ক্র: নং | শাখার নাম | নথির শ্রেণি | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ‘ক’ শ্রেণি | ‘খ’ শ্রেণি | ‘গ’ শ্রেণি | ‘ঘ’ শ্রেণি | | |
| ১ | প্রশাসন শাখা | ১৭ | ৩৫ | ৪৩ | - | ৯৫ | |
| ২ | অর্থ শাখা | - | ৪ | ১০৭ | - | ১১১ | |
| ৩ | প্রশিক্ষণ শাখা | - | ৫ | ১২ | - | ১৭ | |
| ৪ | প্রকাশনা শাখা | - | - | ১ | - | ১ | |
| ৫ | গবেষণা শাখা | - | - | ৫ | ১ | ৬ | |

স্বাক্ষর: ৩০।০৫।২৩
নাম: ড. মো: শহীদুল ইসলাম
পদবী: সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
মোবাইল নম্বর: ০৭১৩৬২৮৬৭১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ১৪ মে ২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিববরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০২ | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের শাখা ভিত্তিক সকল পত্র প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | জরুরী পত্রের ক্ষেত্রে প্রাপ্তিমাত্র এবং অন্যান্য পত্রের ক্ষেত্রে প্রাপ্তির ৩ দিনের মধ্যে নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক (সকলশাখা) |
| ০৩ | ইনস্টিটিউটের মুদ্রিত ব্রোশিয়র বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর/ প্রতিষ্ঠানে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ব্রোশিয়রটি সকল মন্ত্রণালয়, বিভাগ, জেলা ও বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(প্রকাশনা) |
| ০৪ | চলতি অর্থ বছরে প্রশিক্ষণ খাতে অব্যয়িত ২৪.৫৪ লক্ষ টাকা দিয়ে প্রশিক্ষণ শুরু করা বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ২৩-০৫-২০২৩ তারিখ হতে দুই সপ্তাহ মেয়াদী দুইটি এবং এক মাস মেয়াদী একটি কোর্স শুরু করতে হবে। | উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৫ | ডিপ্লোমাসহ সকল কোর্সের সমন্বয় বিলের বিষয়ে সভায় আলোচনা করা হয় | আগামী ৩ কার্যদিবসের মধ্যে ডিপ্লোমাসহ সকল প্রশিক্ষণের বকেয়া বিলের সমন্বয় সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(অর্থ) |
| ০৬ | প্রশিক্ষক পুল গঠনে প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা করা হয়। | যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী একাডেমিক ও নির্বাহী কাউন্সিলের সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ০৭ | চলতি অর্থ বছরে কিছু কোডে বরাদ্দের চেয়ে অতিরিক্ত ব্যয়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের জরুরী প্রয়োজনে যে সকল কোডে অতিরিক্ত ব্যয় করা হয়েছে সে সকল কোডে ব্যয়কৃত অর্থের ব্যয়োত্তর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারীপরিচালক(প্রকাশনা) |
| ০৮ | গবেষণা: কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সেমিনার আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয় | আগামী ১৭-০৫-২০২৩ তারিখ সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (গবেষণা) |
| ০৯ | লাইব্রেরীর জন্য বই সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ইনস্টিটিউটের অনুমোদিত ৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্সসহ স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্স সমূহের চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট রিসোর্স পার্সনদের নিকট হতে ১৫ কার্যদিবসের বইয়ের তালিকা সংগ্রহ করতে হবে। | উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| ১০ | ইনস্টিটিউটের জন্য প্রাপ্ত লোগোর প্রস্তাবনা নিয়ে সভায় আলোচনা করা হয়। | লোগোর প্রাপ্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য নির্বাহী কাউন্সিলের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১১ | ইনস্টিটিউটের হোস্টেল ও বাসা | ইনস্টিটিউটের বাসা ভাড়া নির্ধারিত সময়ে আদায় নিশ্চিত করতে | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>ভাড়া আদায়ের সভায় আলোচনা করা হয়।</td><td>হবে। কেউ পরিশোধ না করে থাকলে তাদের সাথে যোগাযোগ করে আদায়ের ব্যবস্থা গ্রহণ এবং হোস্টেলসমূহের ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ যথা সময়ে জমা প্রদান করতে হবে।</td><td>সহকারী পরিচালক (অর্থ)</td></tr>
<tr><td>১২</td><td>নতুন ১ম ও ২য় শ্রেণি জনবলের বুনিয়াদি প্রশিক্ষণ ও ৩য় ও ৪র্থ শ্রেণি অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>১। প্রশিক্ষণ আয়োজনের জন্য বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার এবং যুব উন্নয়ন অধিদপ্তরাধীন কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের সাথে যোগাযোগ করতে হবে।<br>২। প্রশিক্ষণ আয়োজনের জন্য ব্যয়ের বাজেট তৈরী ও এর সংস্থান নিশ্চিত করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক (অর্থ)</td></tr>
<tr><td>১৩</td><td>সকল শাখা হতে মনিহারি সামগ্রীর চাহিদাপত্র গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>মনিহারী সামগ্রীর চাহিদা পত্র সকল শাখা হতে আগামী ৭ কার্যদিবসের মধ্যে সংগ্রহ পূর্বক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপপরিচালক(প্রশাঃ ও অর্থ)<br>সহকারীপরিচালক(প্রশাসন)</td></tr>
<tr><td>১৪</td><td>এপ্রিল ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মচারীদের কাজের মানউন্নয়ন বিষয় এ পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।</td><td>ক) এপ্রিল ২০২৩ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব মোহাম্মদ কামাল হোসেন, কম্পিউটার অপারেটর, জনাব শাহ্ মো: আলী হোসেন, একাউনটেন্ট, জনাব কাজল রেখা, ক্যাশিয়ার ও ৪র্থ শ্রেণীর কর্মচারী জনাব মোঃ শাহজাহানকে শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে নির্বাচন করে তাদের পুরস্কৃত করা হয়।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)</td></tr>
<tr><td>১৫</td><td>২০২২-২০২৩ অর্থ বছরে ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>২০২২-২০২৩ অর্থ বছরে ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির জন্য মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(অর্থ)</td></tr>
<tr><td>১৬</td><td>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ:</td><td>তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ ৩০-০৫-২০২৩ তারিখের মধ্যে করতে হবে মর্মে ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত রয়েছে। সে প্রেক্ষিতে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সকল শাখা/অধিশাখার নথির শ্রেণী বিন্যাসের হালনাগাদকৃত নিম্ন বর্ণিত অনুমোদিত তালিকা অনুযায়ী তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স সঠিকভাবে প্রস্তুত করা হয়েছে:
<table>
<tr><th rowspan="2">শাখার নাম</th><th colspan="4">নথির শ্রেণি</th><th rowspan="2">মোট</th></tr>
<tr><th>‘ক’ শ্রেণি</th><th>‘খ’ শ্রেণি</th><th>‘গ’ শ্রেণি</th><th>‘ঘ’ শ্রেণি</th></tr>
<tr><td>প্রশাসন শাখা</td><td>১৭</td><td>৩৫</td><td>৪৩</td><td>-</td><td>৯৫</td></tr>
<tr><td>অর্থ শাখা</td><td>-</td><td>৪</td><td>১০৭</td><td>-</td><td>১১১</td></tr>
<tr><td>প্রশিক্ষণ শাখা</td><td>-</td><td>৫</td><td>১২</td><td>-</td><td>১৭</td></tr>
<tr><td>প্রকাশনা শাখা</td><td>-</td><td>-</td><td>১</td><td>-</td><td>১</td></tr>
<tr><td>গবেষণা শাখা</td><td>-</td><td>-</td><td>৫</td><td>১</td><td>৬</td></tr>
<tr><td>সর্বমোট=</td><td>১৭</td><td>৪৪</td><td>১৬৮</td><td>১</td><td>২৩০</td></tr>
</table>
কার্যবিবরণীর কপি প্রমাণক হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংরক্ষণ করা যেতে পারে।</td><td></td></tr>
</table>

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd